

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রতিবন্ধিতা অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

আগামী ০৩ ডিসেম্বর ২৬তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ১৯তম জাতীয় প্রতিবন্ধী দিবস, ২০১৭ উপলক্ষ্যে ২০ নভেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পুরস্কার মনোনয়ন উপ-কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি রূপন কান্তি শীল
অতিরিক্ত সচিব
সভার তারিখ ২০.১১.২০১৭ খ্রি.
সভার সময় বিকাল-৪.০০ টা
স্থান অতিরিক্ত সচিবের অফিস কক্ষ
উপস্থিতি উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো
আগামী ০৩ ডিসেম্বর, ২০১৭ '২৬তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস' ও '১৯তম জাতীয় প্রতিবন্ধী দিবস/২০১৭' যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সচিব সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে ১০/১০/২০১৭ খ্রি, ০২/১১/২০১৭ খ্রি এবং ১৬/১১/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের ধারাবাহিকতায় পুরস্কার মনোনয়ন উপ-কমিটির সভা অনুষ্ঠিত হয়। পুরস্কার মনোনয়ন সুপারিশ উপ-কমিটির আহ্বায়ক মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত পত্রসংখ্যা ৪১.০১.০০০০.০৩৬.২৩.০০৭.৪২৫ তারিখ ১৬/১১/২০১৭ খ্রি এর সংযুক্ত বিবরণীতে(ক) সফল প্রতিবন্ধী ব্যক্তি (খ) প্রতিবন্ধিতা উত্তোরণে কাজ করে এমন সফল ব্যক্তি এবং (গ) প্রতিবন্ধিতা উত্তোরণে কাজ করে এমন সফল প্রতিষ্ঠান এরূপ ৩ (তিন) ক্যাটাগরীতে (৯×৩)= ২৭ টি ব্যক্তি/প্রতিষ্ঠানের নামের তালিকা প্রেরণ করা হয়েছে। এ তালিকা হতে বর্ণিত ৩(তিন) ক্যাটাগরীতে ৩(তিন) জন করে মোট ৯(নয়) ব্যক্তি/ প্রতিষ্ঠান-কে পুরস্কার প্রদানের চূড়ান্ত মনোনয়নের জন্য নিম্ন-রূপ ক্রাইটেরিয়া সর্বসম্মতভাবে নির্ধারণ করা হয়ঃ

(১) অধিক সংখ্যক ব্যক্তি/প্রতিষ্ঠান কে উাসাহ প্রদান বিবেচনায় বিগত বছরে কোন ক্যাটাগরীতে পুরস্কার পাওয়াকোন ব্যক্তি/ প্রতিষ্ঠান কে এবছর পুরস্কারের জন্য মনোনয়ন করা হবে না।

(২) দেশের ৮টি বিভাগের প্রতিটি থেকে কমপক্ষে একজন ব্যক্তি/একটি প্রতিষ্ঠান কে পুরস্কারের জন্য নির্বাচন করা হবে।

(২) প্রতিটি বিভাগ থেকে কমপক্ষে একজন ব্যক্তি/একটি প্রতিষ্ঠান নির্বাচনের পাশাপাশি জনসংখ্যা বিবেচনায় ঢাকা বিভাগের জন্য একটি অতিরিক্তসহ মোট ৯টি পুরস্কার প্রদানের জন্য চূড়ান্তভাবে মনোনয়ন করা হবে।

০৩। পুরস্কার মনোনয়ন সুপারিশ কমিটি কর্তৃক প্রেরিত বিবরণী হতে (ক) সফল প্রতিবন্ধী ব্যক্তি (খ) প্রতিবন্ধিতা উত্তোরণে কাজ করে এমন সফল ব্যক্তি এবং (গ) প্রতিবন্ধিতা উত্তোরণে কাজ করে এমন সফল প্রতিষ্ঠান-এরূপ ৩ (তিন) ক্যাটাগরীর প্রত্যেক ক্যাটাগরীর জন্য ৩(তিন) জন করে মোট থেকে ৯(নয়) ব্যক্তি/প্রতিষ্ঠান মনোনয়নের জন্য সুপারিশ উপ-কমিটি থেকে প্রাপ্ত তালিকা যাচাই-বাছাই করা হয়। অতঃপর সর্বসম্মতভাবে প্রত্যেক বিভাগে একটি এবং ঢাকা

বিভাগে ১টি অতিরিক্তসহ নিম্নে-বর্ণিত ৯(নয়) ব্যক্তি/প্রতিষ্ঠান কে পুরস্কার প্রদানের জন্য সর্বসম্মতভাবে চূড়ান্ত মনোনয়ন করা হয়ঃ

(ক) সফল প্রতিবন্ধী ব্যক্তি

১। জনাব বদিউল আলম
পিতা- মৃত এরফান শাহ
মাতা- মৃত আমেনা বেগম
গ্রাম-পশ্চিম সূজন কাঠি, উপজেলা-আগইলঝড়া
জেলা বরিশাল।
বরিশাল বিভাগ।

২। মহুয়া পাল
ভাইস প্রেসিডেন্ট, এক্সেস বাংলাদেশ ফাউন্ডেশন
জেলা-ঢাকা
ঢাকা বিভাগ।

৩। মোছা; সাবিনা আক্তার শিলা
স্বামী- মোঃ মোফাজ্জল হোসেন মন্ডল
মাতা মোছাঃ সালেকা বেগম
গ্রাম- পারকোদলা, ডাক-রুদ্রপুর, উপজেলা রায়গঞ্জ
জেলা-সিরাজগঞ্জ
রাজশাহী বিভাগ।

(খ) প্রতিবন্ধিতা উত্তোরণে কাজ করে এমন সফল ব্যক্তি

১। আল মামুন সরকার
মাতাঃ আনোয়ারা বেগম
পিতাঃ মরহুম সফিউর রহমান সরকার
২৮৭, মুন্সেফপাড়া, সদর উপজেলা,
জেলা- ব্রাহ্মনবাড়ীয়া
চট্টগ্রাম বিভাগ।

২। মাহবুবা চৌধুরী,
হিচাক, ৫৩, বাবুখান রোড,
জেলা-খুলনা
খুলনা বিভাগ।

৩। ড. অঞ্জন কুমার চিচাম
নির্বাহী পরিচালক
প্রতিবন্ধী কমিউনিটি সেন্টার, কাটিঝুলি,
জেলা-ময়মনসিংহ
ময়মনসিংহ বিভাগ।

(গ) প্রতিবন্ধিতা উত্তোরণে কাজ করে এমন সফল প্রতিষ্ঠান

১। সুচনা ফাউন্ডেশন

জেলা-ঢাকা

ঢাকা বিভাগ।

২। গ্রীন ডিসএবল্ড ফাউন্ডেশন (জিডিএফ)

জেলা-সিলেট

সিলেট বিভাগ।

৩। সুইড বাংলাদেশ শাখা

স্টেশন রোড, লালমনিরহাট সদর, জেলা – লালমনিরহাট

রংপুর বিভাগ।

সিদ্ধান্তঃ (১) (ক) সফল প্রতিবন্ধী ব্যক্তি (খ) প্রতিবন্ধিতা উত্তোরণে কাজ করে এমন সফল ব্যক্তি এবং (গ) প্রতিবন্ধিতা উত্তোরণে কাজ করে এমন সফল প্রতিষ্ঠান এ ৩(তিন) ক্যাটাগরীর প্রত্যেকটি থেকে ৩(তিন) জন করে মোট ৯(নয়) ব্যক্তি/প্রতিষ্ঠান কে পুরস্কার প্রদানের জন্য চূড়ান্তভাবে মনোনয়ন করা হয়।

(২) পুরস্কার প্রদানের জন্য চূড়ান্তভাবে মনোনীত এ ৯(নয়) ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিষ্ঠানের তথ্যাদি ব্রাশিউর উপ-কমিটি এবং পুরস্কার সামগ্রী প্রস্তুত উপ-কমিটির নিকট প্রেরণ করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

রূপন কান্তি শীল
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪১.০০.০০০০.৫৪.০১৮.০১৮.১৭.৬২৩

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৪

২৭ নভেম্বর ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ

২) দপ্তর/সংস্থা প্রধান ও কর্মসূচি পরিচালকগণ, সমাজকল্যাণ মন্ত্রণালয়

৩) উপসচিব (সকল)

৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়

৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়

৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, কার্যবিবরণীটি এ মন্ত্রণালয়ের

ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ

মোঃ সিরাজুল ইসলাম
যুগ্মসচিব